দৈনিক ইত্তেফাক

৪

তারিখ 24 NOV 1998

পৃঃ ৩ কলাম ৬

# শিক্ষা মন্ত্রণালয়ের ছাড়পত্র না পাওয়ায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর কাজ করিতে পারিতেছেন না

**ইত্তেফাক রিপোর্ট ॥** শিক্ষা মন্ত্রণালয়ের ছাড়পত্র না পাওয়ায় ডঃ ফরাসউদ্দীন বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসাবে কাজ করিতে পারিতেছেন না। ইস্ট

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়

(প্রথম পৃষ্ঠার পর)

ওয়েস্ট ইউনিভার্সিটির ভিসির পদ হইতে অব্যাহতি পাওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের একটি ছাড়পত্রের প্রয়োজন রহিয়াছে। এই ছাড়পত্রই ডঃ ফরাসউদ্দীন গতকাল (সোমবার) পর্যন্ত হাতে পান নাই। এই সামান্য কাজটি করিতে শিক্ষা মন্ত্রণালয় দুইদিন ব্যয় করিয়াছেন। আজ (মঙ্গলবার) তৃতীয় দিনে ছাড়পত্র পাওয়া যাইতে পারে বলিয়া জানা গিয়াছে। শিক্ষা মন্ত্রণালয় হইতে না পাইলেও অর্থ মন্ত্রণালয় হইতে তিনি ইতিমধ্যেই ছাড়পত্র পাইয়াছেন। অর্থ মন্ত্রণালয় গত বৃহস্পতিবারই চিঠি দিয়া ডঃ ফরাসউদ্দীনকে সোনালী ব্যাংকের পরিচালনা পরিষদের চেয়ারম্যানের পদ হইতে অব্যাহতি দিয়াছেন। উল্লেখ্য, গত শনিবার ডঃ ফরাসউদ্দীন প্রাক্তন গভর্ণর লুৎফর রহমান সরকারের কাছ হইতে দায়িত্ব বুঝিয়া লইয়াছেন। তবে তিনি এখনও পর্যন্ত কাজ শুরু করিতে পারেন নাই।